# নির্বাচন কমিটি

## ব্যবস্থাপনা কমিটির নির্বাচন, ২০২৬

বাংলাদেশ জাতীয় সমবায় শিল্প সমিতি লিঃ

৯/ডি মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

স্মারক নং- শিল্প সমিতি/নির্বাচন.২০২৬-০১

তারিখঃ ১৯/০২/২০২৬খ্রিঃ।

বাংলাদেশ জাতীয় সমবায় শিল্প সমিতি লিঃ এর সকল সদস্য ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত ০২/০২/২০২৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সমিতির ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তমতে আগামী ২৫/০৩/২০২৬ খ্রিঃ রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত সমিতির প্রধান কার্যালয়, ৯/ডি মতিঝিল বাণিজ্যিক এলাকা ঢাকায় "বাংলাদেশ সমবায় ব্যাংক ভবন" (২য় তলা), সমিতির প্রধান কার্যালয়ে বিশেষ সাধারণ সভা ও ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত হবে। অনুষ্ঠিতব্য উক্ত নির্বাচনে সমিতির সমগ্র নির্বাচনী এলাকার সদস্যদের সরাসরি ভোটে ০১(এক) জন সভাপতি (সমগ্র বাংলাদেশ), ০১(এক) জন সহ-সভাপতি (সমগ্র বাংলাদেশ), ০৪ (চার)টি নির্বাচনী এলাকা (ঢাকা ও ময়মনসিংহ বিভাগ, চট্টগ্রাম ও সিলেট বিভাগ, খুলনা ও বরিশাল বিভাগ, রাজশাহী ও রংপুর বিভাগ) হতে ০১(এক) জন করে মোট ০৪(চার) জন সদস্য স্ব-স্ব নির্বাচনী এলাকার সদস্য সমিতির বৈধ প্রতিনিধিগনের সরাসরি ভোটে নির্বাচিত হবে।

নির্বাচন কমিটির ১৮/০২/২০২৬ খ্রি: তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক সমবায় সমিতি বিধিমালা/২০০৪ (সংশোধিত, ২০২০) এর বিধি (২৭) অনুযায়ী বাংলাদেশ জাতীয় সমবায় শিল্প সমিতি লিঃ এর আগামী ২৫/০৩/২০২৬ খ্রিঃ তারিখে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠানের নিমিত্ত নিম্নরুপ নির্বাচনী তফসিল ঘোষণা করা হলো।

### নির্বাচনী তফসিল

| ক্রঃ নং | কর্মসূচি | স্থান | তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ১ | মনোনয়নপত্র বিতরণ | সমিতির প্রধান কার্যালয় ৯/ডি মতিঝিল বা/এ ঢাকা-১০০০। | ২৫/০২/২০২৬ বুধবার ২৬/০২/২০২৬ বৃহস্পতিবার | সকাল ১১.০০টা হতে দুপুর ০২.০০টা |
| ২ | মনোনয়নপত্র জমা/দাখিল | সমিতির প্রধান কার্যালয় ৯/ডি মতিঝিল বা/এ ঢাকা-১০০০। | ০২/০৩/২০২৬ সোমবার | সকাল ১১.০০টা হতে দুপুর ০২.০০টা |
| ৩ | মনোনয়নপত্র বাছাই | ঐ | ০৩/০৩/২০২৬ মঙ্গলবার | সকাল ১১.০০টায় |
| ৪ | মনোনয়নপত্র বাছাই শেষে বৈধ/বাতিল প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | ঐ | ০৩/০৩/২০২৬ মঙ্গলবার | বাছাই সমাপ্তির পর |
| ৫ | বৈধ/বাতিলকৃত মনোনয়নপত্রের বিষয়ে বিধি অনুসারে আপীল আবেদন দাখিল/গ্রহন | নিবন্ধক ও মহাপরিচালক সমবায় অধিদপ্তর,ঢাকা। | ০৪/০৩/২০২৬ বুধবার ও ০৫/০৩/২০২৬ বৃহস্পতিবার | অফিস চলাকালীন |
| ৬ | আপীল আবেদনের উপর শুনানী গ্রহণ ও রায়/সিদ্ধান্ত প্রদান। | ঐ | ০৮/০৩/২০২৬ রবিবার ০৯/০৩/২০২৬ সোমবার ১০/০৩/২০২৬ মঙ্গলবার | অফিস চলাকালীন |
| ৭ | আপীলের রায় ঘোষণান্তে বৈধ প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ ( প্রযোজ্য ক্ষেত্রে) | সমিতির প্রধান কার্যালয়ের নোটিশ বোর্ড | ১০/০৩/২০২৬ মঙ্গলবার | রায় ঘোষনার পর |
| ৮ | প্রার্থিতা প্রত্যাহার (লিখিত আবেদনের মাধ্যমে) | সমিতির প্রধান কার্যালয় ৯/ডি মতিঝিল বা/এ ঢাকা-১০০০। | ১১/০৩/২০২৬ বুধবার | সকাল ১১.০০টা হতে দুপুর ০১.০০টা |
| ৯ | চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ | সমিতির প্রধান কার্যালয়ের নোটিশ বোর্ড | ১২/০৩/২০২৬ বৃহস্পতিবার | দুপুর ১২.০০টা |
| ১০ | প্রতিদ্বন্দ্বী বৈধ প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ ও তালিকা প্রকাশ | ঐ | ১৫/০৩/২০২৬ রবিবার | দুপুর ১২.০০টা |
| ১১ | ভোট গ্রহন | সমিতির প্রধান কার্যালয় ৯/ডি মতিঝিল বা/এ ঢাকা-১০০০। | ২৫/০৩/২০২৬ বুধবার | সকাল ১১.০০টা হতে বিকাল ০৪.০০টা পর্যন্ত বিরতিহীন ভাবে |
| ১২ | ভোট গণনা ও নির্বাচনী ফলাফল ঘোষণা | সমিতির প্রধান কার্যালয়ের নোটিশ বোর্ড | ২৫/০৩/২০২৬ বুধবার | ভোট গণনা শেষে |

## নির্বাচনী প্রতীকসমূহঃ

| ক্রমিক নং | পদের নাম | প্রতীকসমূহ |
|---|---|---|
| ১ | সভাপতি পদের জন্য | মাছ,চেয়ার,ছাতা, বই |
| ২ | সহ-সভাপতি পদের জন্য | আম, মোরগ, টেলিভিশন, খেজুর গাছ |
| ৩ | সদস্য পদের জন্য | গরুর গাড়ী, ফুটবল, চশমা, টেবিল, রিক্সা, হারিকেন, বাস, হাতি, ঘড়ি, চাকা। |

উল্লেখ্য, প্রার্থীদের অনুপাতে প্রতীকের সংখ্যা কম হলে নির্বাচন কমিটি নতুন প্রতীক বরাদ্দ করতে পারবেন।

### নির্বাচনে প্রার্থী ও ভোটারদের জ্ঞাতব্য বিষয়সমূহঃ

(১) বাংলাদেশ জাতীয় সমবায় শিল্প সমিতি লিঃএর নির্বাচনে প্রার্থী হতে ইচ্ছুক ব্যক্তিকে পদের জন্য প্রার্থী হতে চান সে পদ উল্লেখপূর্বক প্রার্থী নিজে অথবা তার লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে নির্বাচন কমিটির নিকট/সমিতির প্রধান কার্যালয় হতে তফসিলে উল্লিখিত তারিখ ও সময়ের মধ্যে মনোনয়নপত্র সংগ্রহ করতে হবে।

(২) নির্বাচন কমিটি কর্তৃক ইস্যুকৃত মনোনয়নপত্র ব্যতীত অন্য কোন প্রকারের মনোনয়নপত্র বা এর ছায়ালিপি গ্রহণযোগ্য হবেনা।

(৩) সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত বিভিন্ন পদের জন্য মনোনয়ন পত্রের ফি (প্রযোজ্য ক্ষেত্রে) রশিদের মাধ্যমে সমিতিতে জমাকরতঃ রশিদের মূলকপি মনোনয়নপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(৪) মনোনয়নপত্রের সাথে নিম্নবর্ণিত দলিলাদি যুক্ত থাকতে হবেঃ

- ক) প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত সমিতির ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের ছায়ালিপি সভাপতি/সম্পাদক/নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও প্রশাসনিক এলাকার জেলা সমবায় অফিসার/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত অনুলিপি।
- খ) প্রতিনিধির পরিচয়পত্রের কপি, (ফরম-৮ অনুযায়ী)
- গ) প্রার্থীর তিন কপি পাসপোর্ট সাইজের ছবি,
- ঘ) প্রার্থী সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৯(২)(গ) মোতাবেক ঋণ খেলাপী/জামিনদার খেলাপী নয় মর্মে প্রত্যায়ন,
- ঙ) প্রার্থীর জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, এবং
- চ) মনোনয়নপত্র ক্রয় এর মূল রশিদ। (প্রযোজ্য ক্ষেত্রে)
- ছ) প্রার্থী যে প্রাথমিক সমিতির সদস্য ঐ সমিতির বিগত তিন বছরের বার্ষিক সাধারন সভার নোটিশ(উপজেলা সমবায় অফিসার কর্তৃক সত্যায়িত) এবং বিগত তিন বছরের বার্ষিক সাধারন সভায় উপস্থিতির প্রমাণক( শুধু প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য অংশ উপজেলা সমবায় অফিসার কর্তৃক সত্যায়িত)

(৫) ইচ্ছুক প্রার্থীকে সংশ্লিষ্ট সমিতির উপ-আইনের বিধানমতে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার যোগ্য হতে হবে।

(৬) ব্যবস্থাপনা কমিটির কোন পদে প্রতিদ্বন্দ্বিতার জন্য সংশ্লিষ্ট প্রতিনিধি সমবায় সমিতি আইন, ২০০১(সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৮(৮) ও ১৯(২) ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২২(২) বিধি এবং ২৪ বিধি অনুযায়ী যোগ্য কি-না সে বিষয়ে সংশ্লিষ্ট সমিতি কর্তৃক ক্ষমতা প্রদান সংক্রান্ত ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং তা জেলা/উপজেলা সমবায় কর্মকর্তা কর্তৃক যাচাইপূর্বক প্রতিস্বাক্ষর করবেন। প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নামসহ সীল ব্যবহার করতে হবে।

(৭) নির্ভুলভাবে পূরণকৃত মনোনয়নপত্র তফসিলে বর্ণিত সময়সীমার মধ্যে প্রার্থী স্বয়ং কর্তৃক কিংবা লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে সরাসরি নির্বাচন কমিটির নিকট দাখিল করতে হবে। মনোনয়নপত্রে প্রার্থীর স্বাক্ষর সংশ্লিষ্ট সমবায় সমিতির সভাপতি/নির্বাহী কর্মকর্তা কর্তৃক যথাযথভাবে সত্যায়িত, সংশ্লিষ্ট জেলা/উপজেলা সমবায় কর্মকর্তা কর্তৃক যাচাইপূর্বক প্রতিস্বাক্ষরিত এবং সীলমোহরকৃত হতে হবে। নির্ধারিত সময়ের পর দাখিলকৃত কিংবা ডাকযোগে বা অন্য কোন পদ্ধতিতে প্রাপ্ত মনোনয়নপত্র গ্রহণযোগ্য হবে না।

(৮) একই সদস্য সমিতি/ব্যক্তি প্রতিনিধি পদে কিংবা নিজ এলাকা বহির্ভূত নির্বাচনী এলাকা হতে ব্যবস্থাপনা কমিটির সদস্যপদে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।

(৯) অসম্পূর্ণ, ঘষা-মাজা,ফ্লুইড ব্যবহৃত, ত্রুটিযুক্ত, ভুল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত এবং প্রচলিত সমবায় সমিতি আইন, ২০০১(সংশোধিত ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ মোতাবেক অযোগ্য প্রার্থীর মনোনয়নপত্র বাতিলযোগ্য।

(১০) বর্ণিত নির্বাচনে ভোট প্রদানের ক্ষেত্রে সদস্য সমিতিকে সমবায় সমিতি আইন, ২০০১(সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ৩৭ ধারা, সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ৮৭ ও ৮৮(৩) বিধিমতে যোগ্য হতে হবে। ভোট প্রদানের জন্য সংশ্লিষ্ট ব্যক্তি প্রতিনিধিকে সমবায়

সমিতি বিধিমালা, ২০০৪ এর ৩৩(৩) বিধিমতে নির্ধারিত ফরমে পরিচয়পত্র এবং ভোট প্রদানের বিষয়ে সংশ্লিষ্ট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ক্ষমতা প্রদান সংক্রান্ত সভার কার্যবিবরণীর সত্যায়িত কপি এবং ভোট প্রদানের জন্য সদস্য সমিতিকে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ৮৩(৩) বিধিমতে কোন দেনা-পাওনা নাই মর্মে "বাংলাদেশ জাতীয় সমবায় শিল্প সমিতি লিঃ" এর নির্বাহী কর্মকর্তা হতে গৃহীত প্রত্যায়নপত্রের মূলকপি নির্বাচন কমিটির নিকট দাখিল করতে হবে।

(১১) অবসায়নে ন্যস্ত কিংবা নিবন্ধন বাতিলকৃত সমবায় সমিতির কোন সদস্য/প্রতিনিধি নির্বাচনে অংশগ্রহণ বা ভোট প্রদানের যোগ্য হবে না।

(১২) প্রার্থিতা চূড়ান্ত হওয়ার পর প্রতীক বরাদ্দ করা হবে। একাধিক প্রার্থী একই প্রতীক দাবী করলে নির্বাচন কমিটি লটারীর মাধ্যমে প্রতীক বরাদ্দ করবেন।

(১৩) একই পদে একাধিক বৈধ প্রার্থী না থাকলে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ৩২ বিধিমতে ও তফসিলে উল্লিখিত ফলাফল ঘোষণার তারিখে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করা হবে।

(১৪) সমবায় সমিতি আইন, ২০০১(সংশোধিত ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ধারা ও বিধি অনুসরণপূর্বক নির্বাচন পরিচালিত হবে এবং নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত মর্মে গণ্য হবে।

(১৫) নির্বাচন সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজনে নির্বাচন কমিটির সাথে যোগাযোগ করা যেতে পারে।

(১৬) প্রতিদ্বন্দ্বি প্রার্থীর সংখ্যা অধিক হলে অতিরিক্ত প্রতীক বরাদ্দ করা হবে। একই প্রতীকের জন্য একাধিক প্রার্থী দাবী করলে নির্বাচন কমিটি লটারীর মাধ্যমে প্রতীক বরাদ্দ করবে।

(১৭) নির্বাচন সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিটির সাথে যোগাযোগ করা যেতে পারে।

(১৮) নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির আইনানুগ সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

| | | |
|---|---|---|
| (মোঃ রাশেদ আলম)<br>সদস্য<br>নির্বাচন কমিটি ২০২৬খ্রিঃ<br>বাংলাদেশ জাতীয় সমবায় শিল্প সমিতি লিঃ<br>ও<br>মেট্রোপলিটন থানা সমবায় অফিসার,<br>সূত্রাপুর, ঢাকা। | (সামিয়া সুলতানা)<br>সদস্য<br>নির্বাচন কমিটি ২০২৬খ্রিঃ<br>বাংলাদেশ জাতীয় সমবায় শিল্প সমিতি লিঃ<br>ও<br>উপনিবন্ধক (গৃহায়ন, মহিলা ও বিশেষদল)<br>সমবায় অধিদপ্তর, ঢাকা। | (মোহাম্মদ মনিরুল ইসলাম)<br>সভাপতি<br>নির্বাচন কমিটি ২০২৬খ্রিঃ<br>বাংলাদেশ জাতীয় সমবায় শিল্প সমিতি লিঃ<br>ও<br>যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন),<br>সমবায় অধিদপ্তর, ঢাকা। |

স্মারক নং- শিল্প সমিতি/নির্বাচন, ২০২৬-০১/১(৬১২) তারিখঃ- ১৯/০২/২০২৬ খ্রি:

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

০১। সভাপতি/সেক্রেটারী, বাংলাদেশ জাতীয় সমবায় শিল্প সমিতি লিঃ, ৯/ডি মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০। নির্বাচনী তফসিলটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণসহ তফসিল মতে কার্যকরী ব্যবস্থাকল্পে নির্বাচনী তফসিলটি সকল উপজেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কর্মকর্তা ও বিভাগীয় যুগ্ম নিবন্ধক বরাবরে যথাসময়ে প্রেরণ নিশ্চিতকরণসহ জাতীয় বহুল প্রচারিত প্রত্রিকায় প্রচারে জন্য অনুরোধ করা হলো।

০২। উপনিবন্ধক (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। (তফসিলটি ওয়েবসাইট এ আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।

০৩। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ : উপনিবন্ধক (সেবা শিল্প)

০৪। সমিতির নোটিশবোর্ড।